



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দরে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন”

মোংলা বন্দর কর্তৃপক্ষ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ যথাযথ মর্যাদা উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপন করেছে। এদিনে মোংলা বন্দর নানামুখী কর্মসূচী পালন করে। দিবসের শুরুতেই মোংলাস্থ মবক এর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। এরপর পর্যায়ক্রমে পুষ্পস্তবক অর্পণ করেন মোংলা বন্দর মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের বীর মুক্তিযোদ্ধাগণ, অফিসার এ্যাসোসিয়েশন ও সিবিএ নেতৃবৃন্দ। এর পরে জাতীয় পতাকা ও মুক্তিযোদ্ধা সংসদের পতাকা উত্তোলন করা হয়।

সকাল ৯:৩০ ঘটিকায় মবক’র স্বাধীনতা চত্বরে অবসরপ্রাপ্ত বীরমুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের সংবর্ধনা প্রদান এবং ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ঐতিহাসিক নেতৃত্ব ও সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন’ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বন্দর চেয়ারম্যান বলেন, “বাজালী জাতির সবচেয়ে গৌরবের দিন আজ। পরাধীনতার শৃঙ্খল ভেঙে মাথা উচু করে দাঁড়ানোর দিন আজ। ১৯৭১ সালের এই দিনে সশস্ত্র মুক্তিযুদ্ধের আনুষ্ঠানিক সূচনা হয়েছিল। এই দিনটির ঐতিহাসিক ঘটনাবহুল প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে দিতে হবে”।

বীরমুক্তিযোদ্ধা জনাব কাজী মিজানুর রহমান তার মুক্তিযুদ্ধকালীন স্মৃতিচারণ করে বলেন, “দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধে আমরা যে স্বাধীনত পেয়েছি তা যে কোন মূল্যে রক্ষা করতে পারি”।

মোংলা বন্দরের আওতাধীন বন্দর মাধ্যমিক বিদ্যালয় এবং পোর্ট মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব ও সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন’ বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজনসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। দুপুরে বন্দর হাসপাতালের রোগীদের উন্নতমানের খাবার দেয়া হয়। বন্দরের সদর দপ্তরসহ গুরুত্বপূর্ণ স্থাপনা আলোকসজ্জাকরণ এবং নৌযানসমূহ জাতীয় পতাকা দ্বারা সজ্জিতকরণ করা হয়। মবক এর কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রীতি ভলিবল খেলা অনুষ্ঠিত হয়।

স্বাক্ষরিত/-
উপসচিব